তারিখ ........................
পৃষ্ঠা ........ কলাম ........

তারিখ 21 APR 2018
পৃষ্ঠা ১২ কলাম ২

দৈনিক আমাদের সময়

# উপাচার্য ছাড়াই চলছে ৩৪ বেসরকারি ভার্সিটি

## ৩০ এপ্রিলের মধ্যে প্যানেল প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠাতে ইউজিসির নির্দেশ

এম এইচ রবিন ● ভাইস চ্যান্সেলর (ভিসি) ছাড়াই চলছে দেশের ৩৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়। এ ছাড়া উপউপাচার্য (প্রো-ভিসি) নেই ৭৫টিতে। আর ট্রেজারার বা কোষাধ্যক্ষ পদ খালি ৮৫টির। গুরুত্বপূর্ণ পদ শূন্য রেখে বিশ্ববিদ্যালয় পরিচালনা করা আইন পরিপন্থী বলে মনে করে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। আইন অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) মনোনীত ব্যক্তিকে ভারপ্রাপ্ত বা সাময়িকভাবে ভিসি, প্রো-ভিসি এবং ট্রেজারার পদে বসানো অবৈধ।

সূত্র জানায়, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার পদ দীর্ঘদিন ধরে শূন্য সেসব বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম কীভাবে চলছে তা খতিয়ে দেখতে ইউজিসিকে নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মো. আবদুল হামিদ। ইউজিসির সর্বশেষ তথ্যানুযায়ী, দেশের ৯৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৫টি এখনো একাডেমিক কার্যক্রম শুরু করেনি। মামলা সংক্রান্ত জটিলতা রয়েছে তিনটি বিশ্ববিদ্যালয়ের।

এ প্রসঙ্গে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান আমাদের সময়কে জানান, যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার পদ দীর্ঘদিন শূন্য, সেসব পদে নিয়োগের জন্য প্যানেল প্রস্তাব আগামী ৩০ এপ্রিলের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দিয়েছে ইউজিসি।

তিনি জানান, যেসব এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## উপাচার্য ছাড়াই চলছে

(শেষ পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার পদ দীর্ঘদিন ধরে শূন্য সেসব বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম কীভাবে চলছে ইউজিসিকে তা খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি ও চ্যান্সেলর। সম্প্রতি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের এক সভায় এ নির্দেশনা দেওয়া হয়েছে বলেও জানান কমিশনের চেয়ারম্যান। আবদুল মান্নান বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন, ২০১০-এর ধারা ৩১(৬) অনুযায়ী চ্যান্সেলর কর্তৃক নিয়োগপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর কোনো কারণে দায়িত্ব পালনে অসমর্থ হলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর সাময়িকভাবে ভিসির দায়িত্ব পালন করবেন, তবে প্রো-ভাইস চ্যান্সেলর পদ শূন্য থাকলে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ সাময়িকভাবে ভিসির দায়িত্ব পালন করবেন। কিন্তু দেখা গেছে, কতিপয় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) কর্তৃক মনোনীত ব্যক্তিকে ভারপ্রাপ্ত বা সাময়িকভাবে ভাইস চ্যান্সেলর বা প্রো-ভাইস চ্যান্সেলর বা ট্রেজারার দায়িত্ব দেওয়া হয়েছে। যা বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আইন, ২০১০ পরিপন্থী। আইন অনুযায়ী এ পদে নিয়োগ প্রদান করবেন রাষ্ট্রপতি ও চ্যান্সেলর।

যেসব বিশ্ববিদ্যালয়ে ভিসি পদ শূন্য : জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ, গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ, গণবিশ্ববিদ্যালয়, সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ, বরেন্দ্র ইউনিভার্সিটি, ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়-বাংলাদেশ; বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস (বিইউএইচএস), টাইমস্ ইউনিভার্সিটি, বাংলাদেশ, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (বিএইউএসটি)-সৈয়দপুর, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (বিএইউএসটি) কাদিরাবাদ, বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি (বিএআইইউএসটি) কুমিল্লা, দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স, ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি চট্টগ্রাম, সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি। শিক্ষা কার্যক্রম শুরু করেনি রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, রূপায়ণ একেএম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়, আনোয়ার খান মডার্ন ইউনিভার্সিটি, জেডএনআরএফ ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্সেস, দি ইউনিভার্সিটি অব কুমিল্লা। বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব এবং মামলা চলছে প্রিমিয়ার ইউনিভার্সিটি, ইবাইস ইউনিভার্সিটি, কুইন্স ইউনিভার্সিটির। প্যানেল প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে– সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটি, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, সাউথইস্ট ইউনিভার্সিটি, সিটি ইউনিভার্সিটি, ইস্টার্ন ইউনিভার্সিটি, রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা, জেডএইচ সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ফেনী ইউনিভার্সিটি ও কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

প্রোভিসিহীন বিশ্ববিদ্যালয়গুলো হলো : ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগং, সেন্ট্রাল উইমেনস ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি, আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, গণবিশ্ববিদ্যালয়, দি পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, মানারাত ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি, বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, প্রিমিয়ার ইউনিভার্সিটি, সাউথইস্ট ইউনিভার্সিটি, ইবাইস ইউনিভার্সিটি, প্রাইম ইউনিভার্সিটি, সাউদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ, পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, দি মিলেনিয়াম ইউনিভার্সিটি, ইস্টার্ন ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি, প্রাইমএশিয়া ইউনিভার্সিটি, রয়েল ইউনিভার্সিটি অব ঢাকা, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ, ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ, বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়, আশা ইউনিভার্সিটি বাংলাদেশ, ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি, ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, নর্থ ইস্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ঈশাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, জেডএইচ সিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, এক্সিম ব্যাংক কৃষি বিশ্ববিদ্যালয়, নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি, খুলনা, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়, ফেনী ইউনিভার্সিটি, ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস, চিটাগং ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, নটর ডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, টাইমস্ ইউনিভার্সিটি বাংলাদেশ, ফারইস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রাজশাহী সাইন্স অ্যান্ড টেকনোলজি ইউনিভার্সিটি, শেখ ফজিলাতুন্নেছা মুজিব ইউনিভার্সিটি, কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়, জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ, গ্লোবাল ইউনিভার্সিটি বাংলাদেশ, সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সৈয়দপুর, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি কাদিরাবাদ, বাংলাদেশ আর্মি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কুমিল্লা, দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স, কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, এনপিআই ইউনিভার্সিটি অব বাংলাদেশ, নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি, রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি, চট্টগ্রাম, সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ। প্যানেল প্রস্তাব পাঠানো হয়েছে মন্ত্রণালয়ে– নর্থ সাউথ ইউনিভার্সিটি, আন্তর্জাতিক ইসলামী ইউনিভার্সিটি চট্টগ্রাম, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ, স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ। শিক্ষা কার্যক্রম শুরু করেনি– রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, রূপায়ণ একেএম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়, আনোয়ার খান মডার্ন ইউনিভার্সিটি, জেডএনআরএফ ইউনিভার্সিটি অব ম্যানেজমেন্ট সায়েন্সেস ও দি ইউনিভার্সিটি অব কুমিল্লা।